

(একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হবে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ত্রাণ কর্মসূচি-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০১০.১৫.৮৮

তারিখঃ ৩১-০৩-২০২১ খ্রিঃ

বিষয়ঃ পবিত্র ঈদ-উল-ফিতর, ২০২১ উপলক্ষ্যে উপজেলা এবং পৌরসভাওয়ারী ভিজিএফ (আর্থিক) সহায়তা প্রদান।

সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং-৫১.০১.০০০০.০১৮.২০.০১০.২০.৪৮, তারিখঃ ২৩-০৩-২০২১ খ্রিঃ

২০২০-২০২১ অর্থ বছরে পবিত্র ঈদ-উল-ফিতর, ২০২১ উপলক্ষ্যে ভিজিএফ কর্মসূচির আওতায় সারা দেশের ৬৪টি জেলার ৪৯২টি উপজেলার জন্য ৮৭,৭৯,২০৩টি এবং ক, খ ও গ ক্যাটাগরীর ৩২৮টি পৌরসভার জন্য ১২,৩০,৭৪৬টি সর্বমোট (৮৭,৭৯,২০৩+১২,৩০,৭৪৬)=১,০০,০৯,৯৪৯টি ভিজিএফ কার্ডের বিপরীতে অতিদরিদ্র ও অসহায় দুঃস্থ পরিবারের জন্য পরিবারপ্রতি ১০ (দশ) কেজি চালের সমমূল্য কার্ডপ্রতি ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা হারে আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে ৪৯২টি উপজেলার জন্য ৩৯৫,০৬,৪১,৩৫০/- (তিনশত পঁচানব্বই কোটি ছয় লক্ষ একচল্লিশ হাজার তিনশত পঞ্চাশ) টাকা এবং ৩২৮টি পৌরসভার জন্য ৫৫,৩৮,৩৫,৭০০/- (পঞ্চাশ কোটি আটত্রিশ লক্ষ পঁয়ত্রিশ হাজার সাতশত) টাকাসহ সর্বমোট (৩৯৫,০৬,৪১,৩৫০+৫৫,৩৮,৩৫,৭০০)=৪৫০,৪৪,৭৭,০৫০/- (চারশত পঞ্চাশ কোটি চুয়াল্লিশ লক্ষ সাতাত্তর হাজার পঞ্চাশ) টাকার আর্থিক মঞ্জুরি জ্ঞাপন করছি। উক্ত মঞ্জুরিকৃত অর্থ নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণ করে বিতরণ করতে হবে এবং ০১-০৫-২০২১ খ্রিঃ তারিখের মধ্যে বিতরণ নিশ্চিত করতে হবেঃ

শর্তাবলীঃ

- (১) উক্ত ভিজিএফ বরাদ্দের বিষয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ স্থানীয় মাননীয় সংসদ সদস্যগণকে অবহিত করবেন;
- (২) ভিজিএফ উপকারভোগী বাছাইয়ের ক্ষেত্রে নিম্নরূপ শর্তাবলী অনুসরণ করতে হবেঃ
 - (ক) আদমশুমারী ২০১১-এর জনসংখ্যানুযায়ী ইউনিয়ন ও ওয়ার্ডভিত্তিক বরাদ্দকৃত ভিজিএফ কার্ডসংখ্যা পুনঃবিভাজন করে তালিকা প্রস্তুত করতে হবে (www.bbs.gov.bd) ওয়েব সাইটে জনসংখ্যার তথ্য পাওয়া যাবে;
 - (খ) দুঃস্থ/ অতিদরিদ্র ব্যক্তি/ পরিবারকে এ সহায়তা প্রদান করতে হবে। তবে সাম্প্রতিক প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত দুঃস্থ/ অতিদরিদ্র পরিবারকে অগ্রাধিকার দিতে হবে;
 - (গ) নিম্নোক্ত শর্তাবলীর মধ্যে কমপক্ষে ৪টি শর্ত পূরণ করে এমন ব্যক্তি/ পরিবার দুঃস্থ/ অতিদরিদ্র বলে গণ্য হবে;
 ১. যে পরিবারের মালিকানায় কোন জমি নেই বা ভিটাবাড়ি ছাড়া কোন জমি নেই;
 ২. যে পরিবার দিনমজুরের আয়ের উপর নির্ভরশীল;
 ৩. যে পরিবার মহিলা শ্রমিকের আয় বা ভিক্ষাবৃত্তির উপর নির্ভরশীল;
 ৪. যে পরিবারে উপার্জনক্ষম পূর্ণ বয়স্ক কোন পুরুষ সদস্য নেই;
 ৫. যে পরিবারে স্কুলগামী শিশুকে উপার্জনের জন্য কাজ করতে হয়;
 ৬. যে পরিবারে উপার্জনশীল কোন ব্যক্তি নেই;
 ৭. যে পরিবারের প্রধান স্বামী পরিত্যক্তা, বিচ্ছিন্ন বা তালাকপ্রাপ্তা মহিলা রয়েছে;
 ৮. যে পরিবারের প্রধান অসম্মল মুক্তিযোদ্ধা;
 ৯. যে পরিবারের প্রধান অসম্মল ও অক্ষম প্রতিবন্ধী;
 ১০. যে পরিবার কোন ক্ষুদ্র ঋণপ্রাপ্ত হয় নি;
 ১১. যে পরিবার প্রাকৃতিক দুর্যোগের স্বীকার হয়ে চরম খাদ্য/ অর্থ সংকটে পড়েছে;
 ১২. যে পরিবারের সদস্যরা বছরের অধিকাংশ সময় দু'বেলা খাবার পায়না।

অঃপঃদঃ/২

- (ঘ) ইউনিয়ন/ পৌরসভা ভিজিএফ কমিটি কর্তৃক প্রকাশ্য সভায় বর্ণিত তালিকা প্রণীত ও প্রত্যাখিত হবে;
(ঙ) উপকারভোগীদের তালিকা এমনভাবে করতে হবে যাতে কোন অবস্থাতেই একই পরিবারের একাধিক ব্যক্তি ভিজিএফ এর অর্থ বরাদ্দ না পায়।

২। উক্ত মঞ্জুরি অনুযায়ী সকল জেলা প্রশাসক বরাবর প্রস্তাবিত বিভাজন মোতাবেক প্রয়োজনীয় বরাদ্দ আদেশ অগ্রাধিকারভিত্তিতে জারি করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। মঞ্জুরিকৃত অর্থের ব্যয় চলতি ২০২০-২০২১ অর্থ বছরের ১৪৯০১০১-১২০০০১৯০৪-ত্রাণ কার্যক্রম-সাধারণ-০৭২১১০১-ত্রাণ কার্য (নগদ) খাত হতে নির্বাহ হবে।

স্বাক্ষরিত/-
(মোঃ শাহজাহান)
সিনিয়র সহকারী সচিব (ত্রাক-১)
ফোনঃ ৯৫৪৫৮৬৯
sasr1@modmr.gov.bd

মহাপরিচালক
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা।

নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০১০.১৫.৮৮/১(৮৫)

তারিখঃ ০৫-০৪-২০২১ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৪। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৫। বিভাগীয় কমিশনার,(সকল)।
- ৬। পরিচালক-৪, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৭। জেলা প্রশাসক,(সকল)।
- ৮। উপসচিব (বাজেট), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ৯। উপসচিব (এনডিআরসিসি), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (মঞ্জুরী আদেশটি সংশ্লিষ্টদের বরাবর ফ্যাক্স ও ই-মেইল মারফত প্রেরণের অনুরোধসহ)।
- ১০। চিফ একাউন্স অফিসার, খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য ভবন, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা।
- ১১। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (মঞ্জুরী আদেশটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ১২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১৩। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১৪। অতিরিক্ত সচিব (ত্রাণ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।


(মোঃ শাহজাহান)

সিনিয়র সহকারী সচিব (ত্রাক-১)।